

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৬০

আগরতলা, ২৭ জুন, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

আজ ২৭ জুন, ২০২৪ স্যন্দন পত্রিকায় ‘বিলোনীয়া হাসপাতালে তিনদিন ধরে আউটডোরে তালা’ শিরোনামে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, প্রকাশিত সংবাদটি সঠিক নয়। সরকারি নিয়ম মেনে ২১ জুন, ২০২৪ শুক্রবার এবং ২৩ জুন, ২০২৪ রবিবার বহির্বিভাগ বন্ধ ছিল। হাসপাতালের ইমার্জেন্সি ক্যাজুয়েলিটি বিভাগে জরুরি পরিষেবা ২৪ x ৭ ধারাবাহিকভাবে প্রদান করা হয়ে থাকে। ড্রেসিংয়ের ব্যবস্থা এই হাসপাতালের দুটি কক্ষে রয়েছে। একটি বহির্বিভাগে এবং অপরটি ইমার্জেন্সিতে চিকিৎসকদের রুমের পাশে। বহির্বিভাগে যিনি ড্রেসার হিসেবে নিযুক্ত রয়েছেন, তার হাত ভেঙে যাওয়ায় তিনি ছুটিতে রয়েছেন। কিন্তু সে ক্ষেত্রে অন্তর্বিভাগে যারা ড্রেসিংয়ে নিযুক্ত আছেন তারা রোগীদের প্রয়োজনীয় ড্রেসিং নিয়মিতভাবে করছেন। বিলোনীয়া হাসপাতালে যিনি ইসিজি টেকনিসিয়ান রয়েছেন, তিনি সপ্তাহে তিন দিন ডেপুটেশনে শান্তিরবাজার জেলা হাসপাতালে পরিষেবা দিয়ে থাকেন। জরুরী পরিস্থিতিতে সেখানে প্রশিক্ষণপ্রাপ্ত নার্সিং অফিসাররা ইসিজি করান। চিকিৎসক স্বল্পতার ক্ষেত্রে জানানো যাচ্ছে যে, সারা রাজ্যেই চিকিৎসকদের সংকট রয়েছে। রাজ্য সরকার ধারাবাহিকভাবে স্পেশালিস্ট, সুপার স্পেশালিস্ট সহ চিকিৎসকদের নিয়োগ করার প্রক্রিয়া অব্যাহত রেখেছে। বিলোনীয়া মহকুমা হাসপাতালে স্পেশালিস্ট সহ যে ৮ জন চিকিৎসক রয়েছেন এবং অন্যান্য চিকিৎসাকর্মীরা রয়েছেন তারা নিরলস পরিশ্রম করে হাসপাতালে পরিষেবা অব্যাহত রেখেছেন।
